

### ভূমিকম্পে গুরুদাসপুরে ১৫ শিক্ষাভবনে ফাটল ঝুঁকি নিয়ে পাঠদান

■ গুরুদাসপুর (নাটোর) সংবাদদাতা  
দুই দফায় ভূমিকম্পের ফলে  
নাটোরের গুরুদাসপুর উপজেলার  
১৫টি শিক্ষা প্রতিষ্ঠানের ১৮টি ভবন  
ক্ষতিগ্রস্ত হয়েছে। এসব প্রতিষ্ঠানে  
ঝুঁকি নিয়ে চলছে পাঠদান। অনেক  
প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা ঝুঁকি এড়াতে  
স্কুলের মাঠে ক্লাস করছে। মাঠেই  
চলছে পরীক্ষা।

উপজেলা নির্বাহী কর্মকর্তা  
মোছা. ইয়াসমিন আক্তার জানান,  
গত বুধবার পর্যন্ত সাবগাড়ী  
সরকারি প্রাথমিক বিদ্যালয়,  
আগপুরলিয়া সরকারি প্রাথমিক  
বিদ্যালয়, খুবজীপুর বহুমুখী উচ্চ  
বিদ্যালয়, দুর্গাপুর স্কুল অ্যান্ড  
কলেজ, শিকারপুর বহুমুখী উচ্চ  
বিদ্যালয়, রশিদপুর উচ্চ বিদ্যালয়,  
পুরুলিয়া উচ্চ বিদ্যালয়, শিকারপুর  
রাশিদায়া মাদরাসাসহ ১৫টি  
প্রতিষ্ঠানের ভবনে ফাটলের লিখিত  
আবেদন পেয়েছেন।

পরিস্থিতি খতিয়ে দেখতে  
সহকারী কমিশনার (ভূমি) মো.  
মোবারক হোসেন পারভেজকে  
আহ্বায়ক করে গত বুধবার পাঁচ  
সদস্য বিশিষ্ট একটি তদন্ত কমিটি  
গঠন করা হয়েছে। কমিটির  
আহ্বায়ক গত বৃহস্পতিবার জানান,  
সময় স্বল্পতার কারণে ক্ষতিগ্রস্ত  
প্রতিষ্ঠানগুলোতে যাওয়া হয়নি।  
ছটির পর প্রতিষ্ঠানগুলো পরিদর্শন  
করে প্রতিবেদন দাখিল করা হবে।

উপজেলা প্রাথমিক শিক্ষা  
কর্মকর্তা মো. রফিকুল ইসলাম ও  
মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মো.  
সাইদুর রহমান জানান, ক্ষতিগ্রস্ত  
প্রতিষ্ঠানের প্রধানরা তাদের  
ক্ষয়ক্ষতি এবং শিক্ষার্থীদের ঝুঁকিতে  
পাঠদানের বিষয়টি লিখিতভাবে  
জানিয়েছেন। বিষয়টি উপজেলা  
নির্বাহী কর্মকর্তাকে জানানো  
হয়েছে। তদন্ত প্রতিবেদন পেলেই  
সংশ্লিষ্ট দপ্তরকে আনুষ্ঠানিকভাবে  
জানানো হবে।